



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউনিয়ন পরিষদ -২ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১.৭

তারিখ: ৯ মাঘ ১৪২৮

২৩ জানুয়ারি ২০২২

বিষয়: নোয়াখালী জেলার ইউনিয়ন পরিষদসমূহের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে লোক নিয়োগের বিষয়ে মতামত প্রদান।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী এর পত্র নং-৬৭৩, তারিখ: ০৪/০১/২০২২খি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার ইউনিয়ন পরিষদসমূহের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর ৯২ (বিরানব্বই) টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত জেলা প্রশাসক, নোয়াখালী গত ০৫/০১/২০২০ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করেন। জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির বিরুদ্ধে জেলার বিভিন্ন ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কর্মরত উদ্যোক্তাগণ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৮৮/২০২০ দায়ের করেন। উক্ত রিট মামলায় মাননীয় আদালত গত ১৯/০১/২০২০ তারিখে আদেশে পিটিশনারদের অনুকূলে ৩০টি পদ ০৬ মাস খালি রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। উক্ত আদেশের মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৬৮৮/২০২০ এর আদেশের মেয়াদ শেষ হওয়ায় নোয়াখালী জেলার ইউনিয়ন পরিষদসমূহের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের কার্যক্রম গ্রহণ করা যাবে কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৩-১-২০২২

মোঃ আকবর হোসেন

উপসচিব

ফোন: ৯৫১৪১৯০

ইমেইল: lgup2@lgd.gov.bd

সহকারি সচিব, আইন -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১.৭/১(৬)

তারিখ: ৯ মাঘ ১৪২৮

২৩ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।

- ৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) অতিরিক্ত সচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



২৩-১-২০২২

মোঃ আকবর হোসেন

উপসচিব